



Consulate General
of
The People's Republic of Bangladesh
Los Angeles, California
United States of America

জাতীয় পরিচয়পত্র (NID) সম্পর্কিত নির্দেশনা

যারা পূর্বে কখনও বাংলাদেশি জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহন করেন নি, শুধুমাত্র তারাই বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, লস এঞ্জেলসে ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্রের আবেদন করতে পারবেন। এটি করতে নিম্নে বর্ণিত কাগজপত্র/ সনদের প্রয়োজন:

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, লস এঞ্জেলসে প্রদান করতে হবে:

- (১) অনলাইনে (<https://services.nidw.gov.bd>) পূরণকৃত আবেদনপত্র ফরম-২(ক) এর প্রিন্টেড কপি;
- (২) বাংলাদেশি জন্ম নিবন্ধন সনদের অনলাইন ভেরিফাইড কপি;
- (৩) পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি;
- (৪) মেয়াদ সম্বলিত বাংলাদেশি পাসপোর্টের কপি/ মেয়াদ উত্তীর্ণ বাংলাদেশি পাসপোর্টের কপি/ বিদেশী পাসপোর্টের কপি/ সংশ্লিষ্ট দেশে বসবাসরত তিন জন বাংলাদেশী NID ব্যক্তি কর্তৃক বাংলাদেশি নাগরিক মর্মে নির্ধারিত ফরমে প্রত্যয়নপত্র (স্বাক্ষর সহ);
- (৫) নির্বাচন কমিশন কর্তৃক "বিশেষ এলাকা" হিসেবে ঘোষিত চট্টগ্রাম বিভাগের ৫৬ টি উপজেলা/ থানার জন্য "বিশেষ তথ্য ফরম" (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৬) যেকোন কর্মদিবসে কনস্যুলেটে বায়োমেট্রিক (ছবি, ফিঙ্গার প্রিন্ট, আইরিশ ইত্যাদি) প্রদান;
- (৭) এনআইডি গ্রহনের জন্য ডাকমাশুলসহ ফেরত খাম।

আবেদনকারীর পক্ষে বাংলাদেশে অবস্থানরত প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা/ থানা নির্বাচন অফিসারের নিকট প্রদান করতে হবে (ভেরিফিকেশনের জন্য)**:

- (৮) আবেদনকারীর পিতা মাতার NID কপি/ পিতা মাতার বাংলাদেশি জন্ম নিবন্ধন বা মৃত্যু নিবন্ধন (মৃত হলে) সনদের কপি (অনলাইন ভেরিফাইড)/ পিতা মাতার বাংলাদেশি পাসপোর্টের কপি/ আবেদনকারীর ওয়ারিশ সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৯) আবেদনকারীর SSC/ JSC/ PEC/ সমতুল্য শিক্ষা সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১০) আবেদনকারীর বাংলাদেশি ড্রাইভিং লাইসেন্স/ TIN কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১১) বাংলাদেশি নিকাহনামা এবং স্বামী/স্ত্রীর NID কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১২) আবেদনকারীর নাগরিকত্ব সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১৩) সংশ্লিষ্ট ঠিকানা সম্বলিত ইউটিলিটি বিল/ হোল্ডিং ট্যাক্স কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

**** উল্লেখ্য, বাংলাদেশে সংশ্লিষ্ট উপজেলা/ থানা নির্বাচন অফিসারের সরজমিন তদন্ত করে সুপারিশ/ অনুমোদন করলে বাংলাদেশ নির্বাচন কমিশন আপনার ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র ইস্যু করবে। আপনি আপনার প্রদত্ত ই-মেইলে আপডেট পাবেন এবং NID কপি ডাউনলোড করতে পারবেন। বাংলাদেশ নির্বাচন কমিশন ২-৩ মাসের মধ্যে আপনার নামে ইস্যুকৃত স্মার্ট NID প্রিন্ট করে পাঠালে আপনি কনস্যুলেট হতে স্মার্ট NID সরাসরি বা ডাক মারফত গ্রহন করতে পারবেন।**